# কবি বাঁচার ছড়া

হাসান আলীম



# কচি কাঁচার ছড়া

## হাসান আলীম



আধুনিক প্রকাশনী
ঢাকা

www.pathagar.com

প্রকাশনায়
এ. বি. এম. এ. খালেক মজুমদার
পরিচালক
বাংলাদেশ ইসলামিক ইনস্টিটিউট পরিচালিত
আধুনিক প্রকাশনী
২৫ শিরিশদাস লেন
বাংলাবাজার, ঢাকা-১১০০
ফোন ঃ ৭১১৫১৯১, ৯৩৩৯৪৪২
ফ্যাক্স ঃ ৮৮-০২-৭১৭৫১৮৪

আঃ প্রঃ ৩৬৫ (শিশু-২)

১ম প্রকাশ
একুশে বই মেলা ২০০৬


নির্ধারিত মূল্য ঃ ২৫.০০ টাকা

প্রচ্ছদ ও অলংকরণ ঃ রোমেল

মুদ্রণে
আধুনিক প্রেস
২৫ শিরিশদাস লেন,
বাংলাবাজার, ঢাকা-১১০০



www.pathagar.com




## ফুল কুঁড়িরা

গোলাপ কুঁড়ি
ফুল কুঁড়িরা এসো,
গোল হয়ে সব
একটু কাছে বস।

এই দুনিয়া বিশ্ব জাহান
কে গড়েছে জানো ?
আল্লাহ মহান রিযিক দাতা
তাঁর বিধান-ই মানো।



www.pathagar.com




## আল কুরআন

এই দুনিয়ার
জীবন চলার একটি বিধান

সে যে শুধু
শ্রেষ্ঠতম আল কুরআন।



www.pathagar.com



## আলোর হেরা

সব মানুষের সেরা যিনি
সব সৃষ্টির  সেরা,

সব নবীদের সেরা তিনি
সব আলোকের হেরা।

তিনি প্রিয় বিশ্ব নবী
তিনি শ্রেষ্ঠ রবির রবি।

তিনি তোমার তিনি আমার
তিনি সবার নেতা,

তাঁর সিরাতে পথ চলাতে
কেবল জীবন জেতা।



www.pathagar.com




## নতুন জীবন

আলোর পথে চলতে হলে
সুখের জীবন গড়তে হলে
কুরআন হাদীস পড়,

আঁধার রাতের পথটি ছেড়ে
পাপ কর্মের তওবা করে
নতুন জীবন গড়।



www.pathagar.com



# আলোর পথে

ফজর হ্ল ফজর
খোল ঘুমের দোর।

ফুল পাখীদের কিচির মিচির
করছে দেখ আল্লাহর যিকির।

ঘুম থেকে সব ওঠো,
আলোর পথে ছোট।



www.pathagar.com

# আলোর গোসল

পাঞ্জেগানা সালাত কায়েম কর
সঠিক ভাবে নবীর পথটি ধর।

নদীতে পাঁচ ওয়াক্ত গোসল করলে ভালো
তার গায়ে কি থাকবে কোনো ময়লা কালো ?





www.pathagar.com




## সূর্য আলো

মিথ্যে বড় মহাপাপ
মিথ্যে কথা বল না,
মিথ্যে হল পাপের মা
সত্য পথে চল না।
মিথ্যে রাত্র-কালো,
সত্য সূর্য -আলো।





www.pathagar.com



# সোনার জীবন

যদি তুমি বড় মানুষ হতে চাও
দিনের পড়া দিনের ভেতর পড়ে নাও।

পড়তে হবে অনেক কিছু
অনেক সময় ধরে,

অনেক খেলা ছাড়তে হবে,
সময় হিসেব করে।

খেলে খেলে জীবন মাটি করনা,
পড়ে পড়ে সোনার জীবন গড়না।




www.pathagar.com

## লেখাপড়া

লেখাপড়া করে যে-ই
বড় সে-ই হয়,
লেখা পড়া ছাড়া কেউ
নাহি বড় হয়।

সকাল দুপুর সাঁঝের পর
পাঠ্য পড়ে মকশো কর।

মুখে মুখে মনে মনে
পড়া মনে রাখ।
লিখে লিখে পড়াটার
সাথি হয়ে থাক।





www.pathagar.com

# সৃষ্টি

কি সুন্দর সৃষ্টি
মহৎ কর দৃষ্টি।

এ দুনিয়া ফুলে ফলে
কি যে মধুর সাজে,
মনের ভেতর ঝর্ণা খুশি
সাজ সকালে বাজে।






# স্মরণ

সদা সর্বক্ষণ
থাকে যেন মনে প্রাণে
আল্লাহর স্মরণ।
শয়নে ও জাগরণে,
তাঁর কথা শুধু মনে
থাকে যেন জারি।
তিনিই মহান প্রভূ
ভুলো নাকো কভু
তারিফ কেবল তারই।



www.pathagar.com



# সোনা

তোমাদের বড় যারা
আদব কর তাদের,
ছোট যারা তোমাদের
পিয়ার কর তাদের।

বড়দের করলে বড়
বড় হওয়া যায়,
বড়দের ছোট হলে
সোনা পাওয়া যায়।



www.pathagar.com

# মায়ের পায়ের নীচে

মায়ের পায়ের নীচে তোমার জান্নাত,
মায়ের আদেশ মানো দিন ও রাত।
মা কথাটি অতি মধুর
মা কথাটি স্নেহ যাদুর।
মা ডাকলে প্রাণটি ভরে যায়,
মায়ের তুল্য নাইরে দুনিয়ায়।





www.pathagar.com

## বাবার আদর

জন্মদাতা বাবার বুকের উম,
তা ছাড়া কি হয়রে রাতের ঘুম !
বাবার পায়ের শব্দ সোনার জন্য,
মনটা কেবল করতে থাকে হন্য ।
বাজার থেকে আনবে নতুন পোশাক,
মনের পায়রা খুশিতে বাক বাক ।
বাবার বুকের ঘাম ঝরা খুন দামে
আমার মুখে খুশির জোছনা নামে ।





www.pathagar.com



# ঈদ

ঈদ ঈদ ঈদ
ঈদ মানে খুশবু
খোশ দিল হৃদ।

ঈদ ঈদ ঈদ
ঈদ মানে খুশি খুশি
চোখে নেই নিদ।

ঈদ ঈদ ঈদ
ঈদ মানে কুলাকুলি
খুশির নামায,

ধনী আর গরীবে
ভেদাভেদ না রবে
সমান সমাজ।

ঈদ ঈদ ঈদ
দুঃখের ঘরে খিল
আনন্দ অনাবিল
চির উম্মীদ।



www.pathagar.com


# গরীব জনতাকে

তোমার ঘরের পাশে যদি
গরীব কেহ থাকে,
সকাল বিকেল সময় হলে
দেখতে যেও তাকে।
তোমার যেসব বেশী আছে
দাও তারে তা থেকে।
তোমার খানার ভাগ দিও ঐ
গরীব জনতাকে।





www.pathagar.com




# কান কথা

মন্দ কথা ফায়সা কথা
বলতে নেই,
ফিস ফিসানি কান কথা যে,
শুনতে নেই।
একের কথা অন্যজনে বল না,
আল্লাহর ভয়ে সঠিক হয়ে চল না।



www.pathagar.com




# চাঁদ

নীল আকাশে চাঁদ উঠেছে
আঁধার গেছে ঘুচে,
মনের কালো দূর হয়েছে
দুঃখ গেছে মুছে।
চাঁদের সৃষ্টিকর্তা যে,
তোমার আমার স্রষ্টা সে।



www.pathagar.com



## খশবু ফুলের

শিউলি ফুলের গন্ধে আকুল
প্রাণ মাতানো ফুটছে বকুল,
খশবু ছোটে চারদিকে,

বদ গন্ধ আঁধার পালায়
পালায় অন্ধ চামচিকে।




www.pathagar.com

# জন্মের ভুঁই


ফুল পাখী নদী নীড়
জোছনার ক্ষীর,
উৎসবে ভরে যায়
বাংলার তীর।

বাংলার জল মাটি
জন্মের ভুঁই
খোশ দিলে সকলেই
সিজদায় ছুঁই।





www.pathagar.com




## মাছরাঙা

মাছরাঙা রাঙা নয়
মাছদের দলে,
মাছরাঙা ধরে মাছ
খপ করে জলে।

মগডালে বসে থাকে
এক ধ্যানে মনে,
শিকারের সাধনায়
খুব নির্জনে।



www.pathagar.com



## এলো বৈশাখ

এলো মাস বৈশাখ
ঝড়ো বৈশাখ,

হৈ রৈ ঝাণ্ডা
পঙ্খীর পাখ।

আম পাকে জাম পাকে
পাকে কত ফল,

বৈশাখে মধু মুখ
ইতল বিতল।



www.pathagar.com

## খোকন সোনা


খোকন সোনা চাঁদের কনা,
কোথায় চলে যাও,
পড়তে বস চড়তে দেবো
ময়ুরপঙ্খী নাও।
পড়ার সময় পড়তে বস
খেলার সময় খেল,
বাবা মায়ের আদেশ মত
মুখের ছবক বল।



কচি কাঁচার ছড়া-২৫


www.pathagar.com





## তছবী পড়


আল্লাহ তাআলা রিযিক দাতা
তাঁর আরশের ছায়ায় পাতা
বিশ্ব ভূবনখানি ;

সবাই তাঁরে জীবন দিয়ে মানি।
তিনিই মোদের সৃষ্টি করে
রিযিক দিছেন জগত ভরে।

তাঁর সিজদা কর,
তছবী শুধুই পড়।



www.pathagar.com



# বৃষ্টি


বৃষ্টি পড়ে টাপুর টুপুর
বৃষ্টি ঝরে সকাল দুপুর
বৃষ্টি আনে বান।

বৃষ্টি ডুবায় শহর নগর,
অতিবৃষ্টি কালি কহর,
ডুবায় ক্ষেতের ধান।

বৃষ্টি মধুর বৃষ্টি
হোস নে অনাসৃষ্টি।



www.pathagar.com



# শীত বুড়ীটা

শীত বুড়ীটা কাঁথা গায়ে
থুখুড়িয়ে এলো,
ফোকলা দাঁতে তবু হেসে
শীতের পিঠা খেলো।
ও বুড়ী তুই ফিরে যা,
আমার পিঠা দিয়ে যা ;
শীতের ভাপা পুলি পিঠা খাব,
খেতে খেতে আল্লাহর-ই গান গাব।



www.pathagar.com




# বাংলা ভাষা

“মাতৃভাষা বাংলাভাষা
খোদার সেরা দান,”
এ ভাষাতেই মনের আশা
মেটাই অফুরান।

বাংলা ভাষার জন্যে যারা
দিল সাধের প্রাণ
তাদের কথা ভুলবো না যে
তারাই ভাষার ঘ্রাণ।



www.pathagar.com



# খোদার যিকির


হরেক রকম পাখ পাখালি
গাইছে মধুর গান।

গান কি শুধুই এ যে খোদার
যিকির অফুরান।

পাখীর ডাকের কিচির মিচির
শেষ হবেনা খোদার জিকির।



www.pathagar.com




# বিধান

প্রতি কাজে আল্লাহ রাসূল বল,
তাঁর নিয়মের বিধান মত চল।
বিশ্ব যদি তাঁর বিধানে চলত,
ঘরে ঘরে জোছনা সুখের ফলত।

দ্বন্ধ মুখর এ দুনিয়া
যাচ্ছে কোথায় ভেসে
রোজ কিয়ামাত নেই দূরে যে,
আসছে অবশেষে।



www.pathagar.com



## লড়

খোদার বিধান কায়েম কর
সত্য পথে নিত্য লড়।
লড়ে লড়ে হও যে মহাবীর,
মুসলমানের উচ্চ কর শির।



www.pathagar.com

## আমাদের প্রকাশিত কিছু শিশু-কিশোর সাহিত্য


* সত্যের সেনানী (২) –এ.কে.এম. নাজির আহমদ
* খাদিজাতুল কোবরা –মায়েল খায়রাবাদী
* হযরত ফাতিমা যোহরা –কাজী আবুল হোসেন
* মানুষের কাহিনী –আবু সলিম মুহাম্মদ আবদুল হাই
* দোয়েল পাখির গান –জাকির আবু জাফর
* ফুলে ফুলে দুলে দুলে – "
* এক রাখালের গল্প – "
* আকাশের ওপারে আকাশ – "
* মর্দে মুজাহিদ যুগে যুগে –বদরে আলম
* চরিত্র মাধুর্য – "
* তিনশ বছর ঘুমিয়ে – "
* হুল – "
* কুচোচিংড়ির কৃতজ্ঞতা – "
* হারানো মুক্তার হার – "
* পড়তে পড়তে অনেক জানা –আবদুল মান্নান তালিব
* মা আমার মা – "
* কে রাজা – "
* মানুষ এলো কোথায় থেকে – "
* এসো নামায শিখি –মুফতী আবদুল মান্নান
* জোসনা মাখা চাঁদ –সাজ্জাদ হোসাইন খান
* তেপান্তরের মাঠ পেরিয়ে –খলিলুর রহমান মুমিন
* আধুনিক রূপকথা –আনোয়ার হোসেন লালন
* ভিন গ্রহের বন্ধু –আসাদ বিন হাফিজ

www.pathagar.com